## অটোমেশনের দাবিতে জাবির প্রশাসনিক ভবনের সামনে শিক্ষার্থীদের অবস্থান

## জাবি সংবাদদাতা

প্রকাশিত: ১৭:১০, ২০ জানুয়ারি ২০২৫



ছবি: জনকণ্ঠ

দীর্ঘদিন ধরে চলা পুরোনো ধাঁচের এনালগ পদ্ধতিতে পরীক্ষার আবেদন ও সাটিফিকেট উত্তোলনসহ সকল অফিসিয়াল কার্যক্রমের অহেতুক বিড়ম্বনা দূরীকরণ তথা সকল অফিসিয়াল কার্যক্রমের ডিজিটালাইজেশন বা অটোমেশনের দাবিতে প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নিয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) একদল শিক্ষার্থী।

সোমবার (২০ জানুয়ারি) দুপুর সাড়ে ১২টায় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে অবস্থান কর্মসূচি শুরু হয়। এসময় তারা ৪ দফা দাবি পেশ করেন।

দাবিগুলো- অনলাইনে সকল পরীক্ষার ফরম পূরণসহ পরীক্ষার সময়সূচি, প্রবেশপত্র, সাময়িক সনদ অনলাইনে প্রকাশ করা, শিক্ষার্থীদের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ডেটাবেজ ও আলাদা আইডি করে প্রয়োজনীয় তথ্যের অ্যাক্সেস দিতে হবে; বই ও জার্নালের অনলাইন অ্যাক্সেস প্রদান করতে হবে এবং লাইব্রেরির যাবতীয় প্রশাসনিক কার্যক্রম অনলাইনভিত্তিক করতে হবে; বাস ও পরিবহনসংক্রান্ত সব দরকারি তথ্য অনলাইনে সহজলভ্য করতে হবে; এবং অটোমেটেড বাস ট্র্যাকিং সিস্টেম চালু করতে হবে।

এসময় ইতিহাস ছাত্র সংসদের ভিপি শাকিল আলী বলেন, যে অফিসে ৩ জন কর্মচারী হলেই অফিস চালানো যায় সেখানে ২০/৩০ জন কর্মচারী নিয়োগ দিয়েও বলা হয় লাঞ্চের পরে আসেন। একজন পরীক্ষার্থীর পরীক্ষার জন্য চার থেকে পাঁচ জায়গায় ঘুরতে হয় ফরম পূরণের জন্য যেটা কখনোই কাম্য নয়। বিশ্ববিদ্যালয় প্রশাসন ২০২৫ সালে এসেও মান্ধাতার আমলে পড়ে আছে। এটি দ্রুত সময়ের মধ্যে বেরিয়ে আসতে হবে।

৪৮ ব্যাচের শিক্ষার্থী নাজিরুল ইসলাম বলেন, ৫ আগস্টের পর বিশ্ববিদ্যালয় নতুন প্রশাসন পেয়েছি। আমরা ধারণা করেছিলাম নতুন প্রশাসন বিশ্ববিদ্যালয়ের যতগুলো সিস্টেম আছে সবগুলো ডিজিটালাইজেশন করবে। আমরা দেখতে পাচ্ছি আজ পাঁচ-ছয় মাস হয়ে যাচ্ছে, কিন্তু বিশ্ববিদ্যালয় প্রশাসন কোন সিস্টেমের পরিবর্তন করেনি। শিক্ষার্থীদের মূল্যবান সময় ও ভোগান্তি কমাতে সকল পদ্ধতি অনলাইনভিত্তিক করা উচিত।

এসময় বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃপক্ষ অটোমেশনের রোডম্যাপ না দেয়া পর্যন্ত প্রশাসনিক ভবনের সামনে অবস্থান কর্মসূচি চালিয়ে নেয়ার ঘোষণা দেন তারা।